



খুলনা বিশ্ববিদ্যালয়  
খুলনা  
রেজিস্ট্রারের কার্যালয়  
উপ-রেজিস্ট্রার (একাডেমিক-২) এর দপ্তর

নম্বর: ৩৭.০১.৪৭০১.০০০.১০৪.৯৯.০০০২.০২.২-১৪৮

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
২৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়: বিভিন্ন শিক্ষাবোর্ড ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড বৃত্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি:**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ জি২পি পদ্ধতিতে শিক্ষার্থীদের ব্যাংক হিসাব নম্বরে সরাসরি প্রেরণের বিধান চালু করেছে। তারই আলোকে খুলনা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিভিন্ন শিক্ষাবোর্ড ও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড হতে এইচএসসি ও আলিম পরীক্ষায় ২০২৩ সালে পাস করেছে এবং বোর্ড বৃত্তির জন্য গেজেটভুক্ত হয়েছে, তাদেরকে নিজস্ব ব্যাংক হিসাব নম্বরসহ সংযুক্ত আবেদনফরম ও তথ্যফরম নির্ভুলভাবে পূরণপূর্বক আগামী ০৮/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে রেজিস্ট্রারের কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দেওয়ার জন্য বলা হলো। এছাড়া ইতোপূর্বে যে সকল শিক্ষার্থী শিক্ষাবোর্ড ও মাদরাসা শিক্ষাবোর্ড বৃত্তির টাকা একবারও পায়নি অথবা ভুল তথ্য উপস্থাপন করেছেন শুধুমাত্র তারাই পুনরায় আবেদন করতে পারবে। তবে, প্রত্যেক আবেদনকারী শিক্ষার্থীর নাম অবশ্যই শিক্ষাবোর্ড কতৃক প্রকাশিত গেজেটে লিপিবদ্ধ থাকতে হবে। উল্লেখ্য, অর্থ মন্ত্রণালয় নির্ধারিত আবেদনের সময়-সীমা বর্ধিত করার কোন সুযোগ নেই। আবেদনফরম ও তথ্যফরম স্ব-স্ব ডিসিপ্লিন ও বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রয়োজনে শিক্ষার্থীরা একাডেমিক শাখা থেকে বৃত্তির গেজেট দেখতে পারবে।

*Rahman*

২৯-০৪-২০২৫

প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল স্কুল, খুবি।
- ২। সকল ডিসিপ্লিন, খুবি।
- ৩। ছাত্রবিষয়ক পরিচালক, খুবি।
- ৪। প্রভোস্ট, সকল হল, খুবি।
- ৫। পরিচালক, আইসিটিসেল, খুবি।
- ৬। উপাচার্য মহোদয়ের সচিব, (উপাচার্য মহোদয়কেসদয়অবহিতকরারঅনুরোধসহ), খুবি।

- ৭। উপ-উপাচার্য মহোদয়ের সচিব, (উপ-উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খুবি।  
৮। ডেপুটি ম্যাজিস্ট্রেট মহোদয়ের সচিব, (ডেপুটি ম্যাজিস্ট্রেট মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খুবি।  
৯। সংশ্লিষ্ট নথি, খুবি।  
১০। গার্ড ফাইল, খুবি।

